

Mr. Mofiz  
/

ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন  
ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলোপমেন্ট  
গ্রাম-বটতলী, ডাক-ফতেয়াবাদ, উপজেলা-হাটহাজারী, জেলা-চট্টগ্রাম।  
ডাক যোগাযোগের ঠিকা- পোস্ট বক্স নং-৬৭৫, চট্টগ্রাম।

Web page-www.engrmohsinfoundation.org/www.engrmohsinfoundation.net

E-mail-ecmmfhrd2007@gmail.com

Mobile no- 01818-963562

সূত্র:- ইচৌমোমফা/শিক্ষা-বৃত্তি/২০২১-২০২২

তারিখঃ ২৩-০৯-২০২১

### বিজ্ঞপ্তি

### শিক্ষাবৃত্তিঃ ২০২১-২০২২

“ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলোপমেন্ট” একটি মানব সম্পদ উন্নয়ন সেবামূলক প্রতিষ্ঠান। ইহা বিগত বিগত ২২ শে জানুয়ারী ২০০৭ ইং সালে নিবন্ধিত হয়েছে এবং সমস্ত প্রারম্ভিক কার্যক্রম সম্পন্ন করে ২৪ শে মার্চ, ২০০৭ ইং থেকে যাত্রা শুরু করেছে।

প্রতি বছরের ন্যায়, এ বছরও ফাউন্ডেশন, সরকার ও সরকারী প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এবং পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হইতে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের জন্য চট্টগ্রাম জেলার শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দা ও মেধাবী অথচ আর্থিক সাহায্যের প্রয়োজন রয়েছে, এমন ছাত্র-ছাত্রীদেরকে মাসিক শিক্ষাবৃত্তি এবং শিক্ষা বছরের শুরুতে ভর্তি ও শিক্ষা উপকরণ সংগ্রহের জন্য এককালীন আর্থিক সহায়তা প্রদান করবে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত এবং স্বীকৃত পাবলিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধীনে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত (তৃতীয় শ্রেণী প্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) চট্টগ্রাম জেলার শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে ফাউন্ডেশন এর অফিসে প্রাপ্ত নির্ধারিত ছকে/ফরমে অথবা ওয়েব পেইজের মাধ্যমে ২০২১-২০২২ ইং শিক্ষাবর্ষের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে। এই শিক্ষা বৃত্তি এক বছরের জন্য প্রাথমিকভাবে বলবৎ থাকবে, যা পরবর্তীতে প্রতি বছর পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নবায়ন করা হবে শিক্ষাকাল বলবৎ থাকা পর্যন্ত।

সাধারণত পহেলা জুলাই থেকে পরবর্তী বছরের ৩০ শে জুন পর্যন্ত শিক্ষাবৃত্তির বার্ষিক মেয়াদ নির্ধারিত আছে।

যেহেতু বাংলাদেশের সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান মার্চ, ২০২০ ইং সাল হইতে কোভিড-১৯ অতিমারির কারণে দীর্ঘদিন বন্ধ থাকার পর সাম্প্রতিক কালে সশরীরে অধ্যয়নের জন্য সরকার উদ্যোগ গ্রহণ করিয়াছে, সেহেতু যাবতীয় প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার পর ০১ লা জানুয়ারী, ২০২২ইং হইতে নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীগণকে ২০২১-২০২২ ইং সালের জন্য মাসিক বৃত্তি এবং এককালীন অনুদান প্রদান করা হবে।

এই বিজ্ঞপ্তি সরকার কর্তৃক প্রতিষ্ঠিত সকল কলেজ, বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করার জন্য শিক্ষার্থীরা অত্র অফিস থেকে প্রাপ্ত ফরম পূরণের মাধ্যমে বা ওয়েব পেইজে প্রাপ্ত আবেদনপত্রের মাধ্যমে অথবা ব্যক্তিগতভাবে সরাসরি অফিসে এসে আবেদন করতে পারবে। প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই-বাছাই এর পর শনিবার ১৮/১২/২০২১ ইং তারিখে বাছাইকৃত আবেদনকারীগণকে মৌখিক পরীক্ষার জন্য অত্র অফিসে আমন্ত্রণ জানানো হবে (মোবাইল নং বা ই-মেইল এর মাধ্যমে)।

আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ: ২রা ডিসেম্বর (বৃহস্পতিবার), ২০২১ ইং

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- (ক) দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
- (খ) স্থায়ী ঠিকানার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র।
- (গ) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক (সম্মান) পরীক্ষা সমূহের মূল মার্কসীট এর সত্যায়িত ফটোকপি।
- (ঘ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (যদি থাকে)।
- (ঙ) আবেদনকারীর সঙ্গে সম্পর্ক উল্লেখ পূর্বক তৃতীয় একজন ব্যক্তির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/প্রচার/ ২০২০

তারিখঃ ১৭-১০-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকুবি, ঢাকা।
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) ....., শেকুবি, ঢাকা।
- ৩। পরিচালক (আইসিসি), শেকুবি (বিজ্ঞপ্তিটি শেকুবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর, শেকুবি (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।
- ৫। পি.এস.টু ডিসি(ডিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা।
- ৬। পি.এ.টু ট্রেজারার/রেজিস্ট্রার(ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা।
- ৭। সকল নোটিশ বোর্ড, শেকুবি, ঢাকা।
- ৮। অফিস কপি।

17.10.21

(আলম তাজ বেগম)

এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি) শেকুবি,

ঢাকা-১২০৭।